


Sandrena®

(এস্ট্রাডিওল হেমিহাইড্রেট)


SANDRENA® GEL কীভাবে ব্যবহার করবেন

- ডোজের বিষয়ে সবসময় আপনার স্বাস্থ্যসেবা পেশাজীবীর নির্দেশনা অনুসরণ করুন এবং আরো জানার জন্য “রোগীর তথ্য লিফলেট” পড়ুন
- জেলটি ঘরের তাপমাত্রায় (25 ডিগ্রি সেলসিয়াসের নিচে) সংরক্ষণ করুন।



ধাপ 1

স্যাশে প্যাকটি ছিঁড়ুন।



ধাপ ২

- আপনার শরীরের নিচের অংশের বা উরুর শুষ্ক, পরিষ্কার ত্বকে জেলটি একদিন পরপর লাগান।
- জেল লাগানোর স্থানটি হাতের আকারের চেয়ে 1-2 গুণ বড় হতে হবে।
- জেলটি শুধুমাত্র ট্রান্সডার্মাল (ত্বকে ব্যবহার) ব্যবহারের জন্য।



ধাপ 3

- জেল লাগানোর পর কয়েক মিনিট শুকাতে দিন।
- জেল লাগানোর পর সাবান-পানি দিয়ে হাত ধুয়ে ফেলুন।



ধাপ ৪

- ত্বকের যে অংশে জেল লাগানো হয়েছে সেটি 1 ঘন্টার মধ্যে ধোয়া যাবে না।
- যদি অন্যদের সাথে ত্বকের সংস্পর্শের সম্ভাবনা থাকে, তাহলে জেল শুকানোর পরে ত্বকের উক্ত স্থানটি পোশাক দিয়ে ঢেকে দিন অথবা সম্ভাব্য ত্বকের সংস্পর্শের আগে গোসল করুন।



- Sandrena® জেল শুধুমাত্র আপনার শরীরের নিচের অংশে বা উরুতে ব্যবহারযোগ্য।
- জেলটি স্তন, যৌনাঙ্গ, মুখ, ভঙ্গুর বা সংক্রমিত ত্বকে ব্যবহার করবেন না।
- জেল চোখের সংস্পর্শে আসতে দেবেন না।



- জেল লাগানোর স্থানের সাথে অন্যান্য মানুষ বা পোষা প্রাণীর, বিশেষ করে শিশুদের সরাসরি ত্বক থেকে ত্বকের সংস্পর্শ এড়িয়ে চলুন।
- যদি অন্য কোনও ব্যক্তি বা পোষা প্রাণী দুর্ঘটনাক্রমে জেল লাগানোর স্থান স্পর্শ করে, তাহলে ত্বকের সেই অংশটি দ্রুত সাবান-পানি দিয়ে ধুয়ে ফেলুন।
- যদি কোনো শিশু এই স্থানের সংস্পর্শে আসে, তাহলে এস্ট্রাডিওল স্থানান্তরিত হতে পারে এবং বয়ঃসন্ধির অপ্রত্যাশিত লক্ষণ দেখা দিতে পারে (যেমন স্তনের বিকাশ)। বেশিরভাগ ক্ষেত্রে, শিশুটি আর Sandrena® এর সংস্পর্শে না এলে এই লক্ষণগুলি চলে যায়।

যদি আপনার কোনো পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দেয়, তাহলে আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্সের সাথে কথা বলুন। এর মধ্যে প্যাকেজ লিফলেটে তালিকাভুক্ত নয় এমন যেকোনো সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া থাকতে পারে। এছাড়াও আপনি Yellow Card Scheme এর মাধ্যমে www.mhra.gov.uk/yellowcard এ পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে সরাসরি জানাতে পারেন। পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে জানানোর মাধ্যমে আপনি এই ওষুধের নিরাপত্তার বিষয়ে আরও তথ্য প্রদানে সাহায্য করতে পারেন।

Orion Pharma (UK) Ltd
The Blade, Abbey Square Reading,
Berks, RG1 3BE

ফেক্সারী 2026/MAT-GB-DIV-012026-0042

**ORION
PHARMA**